# রায়পুর পৌরসভা কার্যালয়
লক্ষ্মীপুর।

স্মারক নং- রায়ঃপৌরঃ/সাধাঃশাঃ/২০২৬- ১২৭ তারিখঃ ১৪/০৫/২০২৬ ইং

**"আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ১৪৩৩ বঙ্গাব্দের জন্য ইজারাযোগ্য অস্থায়ী গবাদি পশুর হাটের দরপত্র বিজ্ঞপ্তি-২০২৬"**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল আযহা/২০২৬ বাংলা ১৪৩৩ উপলক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর এর স্থানীয় সরকার শাখার বিগত ১০-০৫-২০২৬খ্রি. তারিখের ০৫.৪২.৫১০০.০০০.০০৮.০৭.০০১৮.২৫.১৯২ সংখ্যক স্মারক পত্রের আলোকে রায়পুর পৌরসভাধীন ০১(এক) টি অস্থায়ী পশুর হাট বসানোর লক্ষ্যে নিম্ন তফসিলে বর্ণিত অস্থায়ী গবাদি পশুর হাটসমূহ নিম্নোক্ত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের শর্ত সম্বলিত সিডিউল/দরপত্র নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বর্ণিত স্থানসমূহে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন কোনো সিডিউল/দরপত্র ফরম বিক্রয় করা হবে না। আগ্রহী দরদাতাগণকে বিস্তারিত তথ্য/শর্ত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে। ১৪৩৩ বঙ্গাব্দের অস্থায়ী গবাদি পশুর হাটের দরপত্র বিজ্ঞপ্তি-২০২৬ নিম্নরুপ ক্যালেন্ডার মোতাবেক কার্যকর হবে।

**১৪৩৩ বঙ্গাব্দের ইজারাযোগ্য অস্থায়ী গবাদি পশুর হাটের ক্যালেন্ডার**

| ক্রঃনং | অস্থায়ী গবাদি পশুর হাটসমূহের নাম | যে পৌরসভায় অবস্থিত | ১৪৩৩ বঙ্গাব্দের সম্ভাব্য সরকারি ইজারা মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | আশ্রাফগঞ্জ গরু ছাগলের অস্থায়ী হাট | রায়পুর পৌরসভা | ৪,২৩,০০০/- | ১৮০০/- |

**সিডিউল/দরপত্র গ্রহণ ও খোলা সংক্রান্ত সময়সূচিঃ**

| সিডিউল/দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | সিডিউল/দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় | সিডিউল/দরপত্র খোলার তারিখ ও সময় | সিডিউল/দরপত্র ফরম প্রাপ্তি ও দাখিলের স্থান |
|---|---|---|---|
| ১৭-০৫-২০২৬ ইং তারিখ বিকাল ০৫:০০ঘটিকা পর্যন্ত | ১৮-০৫-২০২৬ ইং তারিখ বিকাল ০১:০০ঘটিকা পর্যন্ত | ১৮-০৫-২০২৬ ইং তারিখ বিকাল ০২:৩০ঘটিকা পর্যন্ত | রায়পুর পৌরসভা কার্যালয়, রায়পুর,লক্ষ্মীপুর। |

১৪/৫/২৬

(মেহেদী হাসান কাউছার)
প্রশাসক
রায়পুর পৌরসভা, লক্ষ্মীপুর।

# অস্থায়ী গবাদি পশুরহাট ইজারার শর্তাবলী

১. এ ইজারার মেয়াদ ঈদ উল আযহা ১৪৩৩ পর্যন্ত বলবৎ থাকবে এবং ঈদ-উল-আযহা-২০২৬ পর্যন্ত প্রতিদিন হাট বসানো যাবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সাথে উল্লিখিত দরের ১০০% টাকাসহ অতিরিক্ত ১০% টাকা জামানত হিসেবে মোট ১১০% টাকা যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রশাসক, রায়পুর পৌরসভা, রায়পুর, লক্ষীপুর এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

৩. হাটে আগত সল জনগণের মাস্ক পরিধান এবং স্বাস্থ্যবিধি অনুসরণ নিশ্চিত করতে হবে।

৪. যার দরপত্র গৃহীত হবে (সর্বোচ্চ দর দাতা) দরপত্রে উল্লিখিত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর (কোড নং- ১১১১১০১) এবং ১৫% ভ্যাট (কোড নং- ১১৪১১০১) অবশ্যই ভিন্ন ভিন্ন কোডে পরবর্তী ০২(দুই) কার্যদিবসের মধ্যে প্রদান করতে হবে, অন্যথায় দরপত্রের সাথে জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক সরকারি পাওনা আদায় আইন অনুযায়ী কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত গ্রহণ করবে।

৫. কোন প্রকার ঘষা, মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

৭. নির্ধারিত স্থান ব্যতিত কোন সড়ক বা মহাসড়ক বা সড়কের দুপাশ বা বিদ্যালয়ের মাঠে বা ঈদগাহ মাঠে বা হাসপাতাল সংলগ্ন স্থানে কোরবানীর পশু রাখা যাবে না এবং গাড়ি রাস্তায় দাড় করিয়ে কোরবানী পশু উঠানো নামানো যাবে না।

৮. পশুর হাট যেন জনদুর্ভোগ বা যানজট সৃষ্টি করতে না পারে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯. কোরবানির পশুর হাটে জাল টাকা সনাক্তকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১০. রাস্তাঘাট বা পশু হাটে যাতে কোনো রকম চাঁদাবাজি বা অবৈধ আর্থিক লেনদেন না ঘটে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১. সরকার নির্ধারিত হারের চেয়ে বেশি টোল/খাজনা/হাসিল আদায় করা যাবে না। সেক্ষেত্রে জরিমানাসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. অনুমোদিত নির্ধারিত স্থানের বাহিরে টোল আদায় করা যাবে না।

১৩. পশুর হাটে ভেটেরেনারি চিকিৎসক/সার্জন এর অবস্থান নিশ্চিত করতে হবে এবং তাদের বসার জন্য পর্যাপ্ত স্থান/বুথ স্থাপন করতে হবে।

১৪. কোরবানির পশুর চামড়া বাজারজাতকরণ ও সংরক্ষণে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।

১৫. ইজারাগ্রহীতাকে অস্থায়ী গবাদি পশুর হাট নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে এবং প্রয়োজনীয় সংস্কার করবেন। তা না হলে জামানতের সম্পূর্ণ টাকা বাজেয়াপ্ত হবে।

১৬. আদালত এর নিষেধাজ্ঞা রয়েছে বা আইন বহির্ভূত কোন জায়গায় পশুরহাট/বাজার বসানো যাবে না।

১৭. উক্ত শর্তসমূহ লঙ্ঘিত হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮. যে কোন পরিস্থিতিতে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(মেহেদী হাসান কাউছার)
প্রশাসক
রায়পুর পৌরসভা, লক্ষীপুর।

স্মারক নং-রায়ঃ/পৌর/বাঃ শাঃ/২০২৬/১২৭(৩০) তারিখঃ ১৪/০৫/২০২৬ইং

ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২. পরিচালক,স্থানীয় সরকার,চট্টগ্রাম বিভাগ।
০৩. জেলা প্রশাসক,লক্ষীপুর।
০৪. পুলিশ সুপার,লক্ষীপুর।
০৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, রায়পুর,লক্ষীপুর।
০৬. সহকারী কমিশনার (ভূমি), রায়পুর উপজেলা,লক্ষীপুর।
০৭. উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত/পানি উন্নয়ন বোর্ড), লক্ষীপুর।
০৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রায়পুর থানা, রায়পুর,লক্ষীপুর।
০৯. জনাব/জনাবা.................................................................................,সহায়ক সদস্য, রায়পুর পৌরসভা,লক্ষীপুর।
১০. পৌর নির্বাহী কর্মকর্তা, রায়পুর পৌরসভা, রায়পুর,লক্ষীপুর।
১১. সহকারী প্রকৌশলী, রায়পুর পৌরসভা, রায়পুর,লক্ষীপুর।
১২. হিসাব রক্ষক, রায়পুর পৌরসভা, রায়পুর,লক্ষীপুর।
১৩. জনাব/জনাবা.............................................., প্রাক্তন ইজারাদার, ........................................ রায়পুর,লক্ষীপুর।
১৪. সম্পাদক,............................................................বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ১(এক) দিন মাত্র প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৫. মেসার্স.............................................. মাইক সার্ভিস, রায়পুর,লক্ষীপুর বিজ্ঞপ্তিটি সমগ্র পৌর এলাকায় একদিন প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

মেহেদী হাসান কাউছার
প্রশাসক
রায়পুর পৌরসভা